৩৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 NOV 1997 ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ......

# শিক্ষা ও পরিবেশ বিষয়ক বইমেলা শুরু

গতকাল ১৬ নবেম্বর রবিবার থেকে পাবলিক লাইব্রেরীর সেমিনার কক্ষে সপ্তাহব্যাপী শিক্ষা ও পরিবেশ বিষয়ক বইমেলা শুরু হয়েছে। শিক্ষা ও পরিবেশ আন্দোলন আয়োজিত এই বইমেলার উদ্বোধন করেন প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী অধ্যাপিকা জিনাতুন্নেসা তালুকদার। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা ও পরিবেশ আন্দোলনের উদ্যোক্তা হারুনার রশিদ ভূইয়া। এ ছাড়াও বক্তব্য রাখেন পাবলিক লাইব্রেরীর পরিচালক বদিউর রহমান।

বইমেলার উদ্বোধন করে জিনাতুন্নেসা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি শক্তিশালী জাতিগঠনের জন্য শিক্ষা বিস্তারের ওপর সর্বোচ্চ অগ্রাধিকার দেন। তিনি ৩৬ হাজার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণ করেন এবং স্বল্প সময়ে ১১ হাজার নতুন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন। কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন গঠন করেন।

কিন্তু '৭৫-এ বঙ্গবন্ধুকে হত্যার পর জাতিকে শিক্ষিত করার প্রচেষ্টা বাধাপ্রাপ্ত হয়। ২১ বছর এক্ষেত্রে অগ্রগতি থেমে থাকে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর পরই নতুন করে শিক্ষা কমিশন গঠন করেছে। নয়া শিক্ষা কমিশনের রিপোর্টের ভিত্তিতে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জাতিকে শিক্ষিত করে তোলার ব্যাপক উদ্যোগ নেবেন। —বিজ্ঞপ্তি।